ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)

নথি নম্বর: **৪৬.০৫.০০০০.৪৩১.২০.০২২.২৪** নথির বিষয়: Leakproof (izonil) work of different types of Valve Chamber water transmission network of SWTP কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: **Leakproof (izonil) work of different types of Valve Chamber water transmission network of SWTP কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।**

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২৪/৪/২৪ ৫:৪৭ অপরাহ্ন

অনুগ্রহ পূর্বক সংযুক্ত ক্রমিক নং-০১ হতে ০৭ পর্যন্ত দেখা যেতে পারে। সবিনয়ে জানানো যাচ্ছে যে, সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এবং ফেজ-২ হতে প্রতিদিন ৪৫ কোটি লিটার বিশুদ্ধ পানি মহানগরবাসির জন্য সরবরাহ করা হচ্ছে। সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এবং ফেজ-২ এর প্রায় ৪৬ কি.মি দীর্ঘ পানির মেইন ট্রান্সমিশন লাইনে প্রেসার রিডিউসিং ভাল্ব ,বাটারফ্লাই ভাল্ব, এয়ার রিলিজ ভাল্ব, গেট ভাল্ব ও ওয়াসআউট ভাল্ব সহ বিভিন্ন ধরনের ভাল্ব চেম্বার রয়েছে। উক্ত ভাল্ব গুলোর সাথে ৮ (আট)টি মডস জোনের ডিষ্ট্রিবিউশন লাইনে আন্ত: সংযোগের মাধ্যমে অত্র শোধনাগারের বিশুদ্ধ পানি সরবরাহ করা হচ্ছে। উক্ত পানি সরবরাহ ব্যবস্থা সচল রাখতে প্রতিনিয়ত ট্রান্সমিশন লাইনে বিভিন্ন ধরনের ভাল্ব ও ভাল্ব চেম্বারগুলো পরিচালন ও রক্ষণাবেক্ষণ কাজ করতে হয়। ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু সংখ্যক ই-পিআরভিসহ বিভিন্ন ধরনের ভাল্ব চেম্বারের ভিতর বাহির হতে ময়লাযুক্ত পানি প্রবেশ করছে। ময়লাযুক্ত পানি লিক করে প্রবেশ করায় চেম্বারের ভিতর ক্ষতিকারক গ্যাসীয় পদার্থ জমে থাকে বলে ই-পিআরভির মেইনটেনেন্স কাজে ব্যাঘাত ঘটে। একই সাথে ই-পিআরভির Remort control & Telemetry (RTU)এর বিভিন্ন ধরনের বৈদ্যুতিক সরঞ্জামাদি নষ্ট/অকার্যকর হতে পারে। ট্রান্সমিশন লাইনে বিদ্যমান ই-পিআরভির Remort control & Telemetry (RTU) এর বিভিন্ন ধরনের বৈদ্যুতিক সরঞ্জামাদি অধিক মুল্যবান ও আমদানী নির্ভর মালামাল বিধায় তা যথাযথ সংরক্ষন ও কার্যকর রাখা প্রয়োজন। তাছাড়া আসন্ন বর্ষা মৌসুমে প্রতি বছরের ন্যায় ঢাকা শহরে ডেঙ্গু মশা বৃদ্ধি পাওয়ার সম্ভবনা রয়েছে। সেই প্রেক্ষিতে অত্র বিভাগের তত্ত্বাবধানে পানির ট্রান্সমিশন লাইনে স্থাপিত বিভিন্ন ধরনের ভাল্ব চেম্বার পরিষ্কারকরন ও মশক নিধন কাজ করা প্রয়োজন। উল্লেখ্য যে, সায়েদাবাদ পানি শোধনাগার ২০০২ ইং সালে চালু করা হয় এবং পানি সরবরাহের নেটওয়ার্কে চেম্বার গুলো ঐ সময়ে নির্মান করা হয়েছে, যা প্রায় ২২ (বাইশ) বছর অতিবাহিত হতে চলছে। যার দরুন চেম্বার গুলো বেশ পুরাতন হওয়ায় বিভিন্ন সময়ে লিকেজ দেখা দেয়। তাই সুষ্টভাবে পানি সরবরাহ ব্যবস্থা অব্যাহত রাখার লক্ষ্যে ই-পিআরভি চেম্বার গুলো লিকপ্রুফ ও পরিস্কার রাখতে আইজনিল সিমেন্ট দিয়ে প্লাষ্টারকরণ কাজটি করা অতীব জরুরী। আলোচ্য কাজটি করার জন্য সরেজমিনে পরিদর্শন করতঃ সার্ভে রিপোর্ট করে ০৪(চার)টি ই-পিআরভি, ০১(এক)টি এয়ার রিলিজ ভাল্ব চেম্বার ও ০১(এক)টি গেট ভাল্ব চেম্বার সহ মোট ০৬(ছয়)টি বিভিন্ন ধরনের ভাল্ব চেম্বারের লিকপ্রুফ ও পরিস্কারকরন কাজটি সম্পাদনের লক্ষ্যে পূর্ব অনুমোদিত দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হ'ল (সংযুক্ত ক্রমিক নং-৭ দ্রঃ)। প্রস্তুতকৃত প্রাক্কলনে টাকার পরিমাণ দাঁড়িয়েছে ৳ ৪,৯৬,৭০১.৩৯৭ (চার লক্ষ ছিয়ানব্বই হাজার সাতশত এক দশমিক তিন নয় সাত) টাকা মাত্র।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ২৪/৪/২৪ ৫:৫৮ অপরাহ্ন

আলোচ্য কাজটি সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ) বিভাগের ২০২৩-২৪ ইং অর্থ বছরের অনুমোদিত সংশোধিত ক্রয়-পরিকল্পনার ক্রমিক নং-৭২ এবং প্যাকেজ নং-W-61 এর LTM এ অন্তর্ভূক্ত আছে। এবং বর্ণিত কাজটির ব্যায়ভার সায়েদাবাদ পানি শোধনাগার(রক্ষণাবেক্ষণ) ২০২৩-২৪ইং অর্থ বছরের বরাদ্দকৃত সংশোধিত রাজস্ব বাজেটের কোড নং-০১-০৪-০০১ এর পানির লাইন রক্ষণাবেক্ষণ খাত হতে নির্বাহ করা যেতে পারে।কাজটি প্রক্রিয়ায় পিপিআর ২০০৮ এর বিধি মোতাবেক ৬৩ (১) ধারা অনুযায়ী সীমিত দরপত্র পদ্ধতি (LTM) এ দরপত্র আহবানের মাধ্যমে সম্পন্ন করা যেতে পারে।

সংযুক্তিসমূহ (৭):

১। ২০২৩-২৪ অর্থ বছরের এর অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।.
২। ট্রান্সমিশন নেটওয়ার্কে বিদ্যমান e-PRV, flow meter, RTU and SCADA system এর লাইভ ড্যাশবোড ছবি।.
৩। ভাল্ব চেম্বারের তালিকা।.
৪। চেম্বারের নকঁশা এর কপি।.
৫। পূর্বানুমোদিত দরের কপি।..
৬। আলোচ্য কাজের খসড়া প্রাক্কলন।.
৭। আলোচ্য কাজের প্রাক্কলন।.

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২৪/৪/২৪ ৬:০০ অপরাহ্ন

এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ১.১ পর্যন্ত বর্ণনালোকে,“Leakproof (izonil) work of different types of Valve Chamber water transmission network of SWTP” শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্নিত প্রস্তাবসমুহ অনুমোদন করা যেতে পারে।

ক) উল্লেখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬৩ (১) ধারা অনুসারে সীমিত দরপত্র পদ্ধতি LTM এ দরপত্র আহ্বানের অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন মোট টাঃ ৳ ৪,৯৬,৭০১.৩৯৭ (চার লক্ষ ছিয়ানব্বই হাজার সাতশত এক দশমিক তিন নয় সাত) টাকা মাত্র এর অনুমোদন।

গ) আলোচ্য ক্রয় সংক্রান্ত ব্যয় পানির লাইন রক্ষণাবেক্ষণ খাত হতে নির্বাহের অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমুহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

২৪/৪/২৪ ১০:৪৬ অপরাহ্ন
সুব্রত কুমার দেব
উপ-সহকারী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার
(রক্ষণাবেক্ষণ)

২৮/৪/২৪ ৮:১৭ অপরাহ্ন
মোহাম্মদ মশিউর রহমান ভূঞা
সহকারী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার
(রক্ষণাবেক্ষণ)

২৮/৪/২৪ ৯:৩৬ অপরাহ্ন
সৈয়দ মোস্তাকিম হোসেন
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
সায়েদাবাদ পানি শোধনাগার
(রক্ষণাবেক্ষণ)

~~২৮/৪/২৪ ৯:৩৬ অপরাহ্ন~~
~~মির্জা গোলাম কিবরিয়া~~
~~তত্ত্বাবধায়ক প্রকৌশলী~~
~~পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল~~

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২৯/৪/২৪ ৭:৫৯ পূর্বাহ্ন

Forwarded for kind approval of paragraph:1.2

২৯/৪/২৪ ৮:০২ পূর্বাহ্ন
মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

~~২৯/৪/২৪ ৮:০২ পূর্বাহ্ন~~
~~মুস্তাফিজুর রহমান~~
~~প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব)~~
~~প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)~~

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ২৯/৪/২৪ ৬:৩১ অপরাহ্ন

Okay

২৯/৪/২৪ ৬:৩১ অপরাহ্ন
মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব)
প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)

২৯/৪/২৪ ৭:৪৮ অপরাহ্ন
মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

২৯/৪/২৪ ৮:১৪ অপরাহ্ন
সৈয়দ মোস্তাকিম হোসেন
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
সায়েদাবাদ পানি শোধনাগার
(রক্ষণাবেক্ষণ)

১২/৫/২৪ ৭:০৮ পূর্বাহ্ন
মোহাম্মদ মশিউর রহমান ভূঞা
সহকারী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার
(রক্ষণাবেক্ষণ)

১২/৫/২৪ ৭:০৮ পূর্বাহ্ন
সুব্রত কুমার দেব
উপ-সহকারী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার
(রক্ষণাবেক্ষণ)

ঢাকা ওয়াসা

১.৫। অনুচ্ছেদ নং-১.৪ এ বর্ণিত প্রস্তাব সমুহ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হওয়ার (অনুচ্ছেদ-১.৪ দ্রঃ) Leakproof (izonil) work of e-PRV/GV/BV of Valve Chamber water transmission network of SWTP (Package-01) কাজের দরপত্র দলিল প্রস্তুত করা হল এবং সদয় স্বাক্ষরের জন্য উপস্থাপন করা হইল।

৫/৫/২৪
মোঃ মশিউর রহমান ভূঞা
সহকারী প্রকৌশলী
সাঃ পাঃ শোঃ (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

৬/৫/২৪
সৈয়দ মোস্তাকিম হোসেন
নির্বাহী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

১.৬। বর্ণিত কাজের স্বাক্ষরিত দরপত্র দলিল (Tender Document) বিক্রির নিমিত্তে ব্যাংকে প্রেরনের জন্য প্রস্তুতকৃত চিঠি সদয় স্বাক্ষরের জন্য উপস্থাপন করা হইল।

০৬/০৫/২৪
মোঃ মশিউর রহমান ভূঞা
সহকারী প্রকৌশলী
সাঃ পাঃ শোঃ (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

৬/৫/২৪
সৈয়দ মোস্তাকিম হোসেন
নির্বাহী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

৮। Tender Notice ।
৯। দরপত্র দলিল (Tender Document) বিক্রির নিমিত্তে ব্যাংকে প্রেরনের জন্য প্রস্তুতকৃত চিঠি ।
১০। দরপত্র মূল্যায়ন কমিটি (TEC) ও দরপত্র উন্মুক্তকরন কমিটি (TOC) গঠন সংক্রান্ত অফিস আদেশ।
১১। দরপত্র উন্মুক্তকরণ কমিটির সভা আহবান সংক্রান্ত পত্র।
১২। দরপত্র উম্মুক্ত করণ তালিকা।

১.৭। সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, PPA-06 এর ধারা ০৭ এবং এর বিধি PPA-08 ৮ (১) অনুযায়ী সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ) আওতায় আহবানকৃত সকল দরপত্র/প্রস্তাব সমূহদরপত্র উন্মুক্ত করনের জন্য উন্মুক্ত করন কমিটি (TOC), ও দরপত্র/প্রস্তাব মূল্যায়নের জন্য মূল্যায়ন কমিটি-৮ (TEC-8) গঠন করা হয়েছে (ক্রমিক নং-১০ দ্রঃ) Leakproof (izonil) work of e-PRV/GV/BV of Valve Chamber water transmission network of SWTP (Package-01) কাজের জন্য ০৬/০৫/২০২২৪ ইং তারিখে দরপত্র আহবান করা হয় এবং দরপত্র গ্রহনের শেষ তারিখ ২১/০৫/২০২৪ ইং দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত নির্ধারিত ছিল। PPA-08 এর ৯৭ (১) অনুযায়ী ক্রয়কারী কর্তৃক দরপত্র উন্মুক্ত করার জন্য ২১/০৫/২০২৪ ইং তারিখ বেলা ০৩.০০ ঘটিকায় দরপত্র উন্মুক্তকরন কমিটি কর্তৃক উন্মুক্ত করা হয় এবং ০৩ (তিন) টি দরপত্র পাওয়া যায়। দরপত্র উন্মুক্তকরন কমিটি (TOC) কর্তৃক Tender Opening Sheet (TOS) প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং-১২ দ্রঃ)। প্রাপ্ত দরপত্র সমূহ মূল্যায়নের নিমিত্তে দরপত্র সমূহের সাথে প্রাপ্ত মূল ডকুমেন্ট সহ নথিটি দরপত্র মূল্যায়ন কমিটি-৮ (TEC-08), এর চেয়ারম্যান বরাবরে প্রেরণ করা যেতে পারে।

২১/০৫/২৪
সদস্য সচিব, দরপত্র উন্মুক্ত করন কমিটি (TOC),
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

২১/৫/২৪
নির্বাহী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

Chairperson
TEC-8
সদস্য/সচিব

21.5.24
A.K.M Feisal Matin
Superintending Engineer
P & D Circle
Dhaka WASA
&
Chairman TEC-8
Dhaka WASA

১৩। দরপত্র মূল্যায়ন কমিটি-৮ (TEC-08) এর সভা আহবান সংক্রান্ত পত্র।
১৪। দরপত্র মূল্যায়ন কমিটি-৮ (TEC-08) এর মূল্যায়ন প্রতিবেদন।

১.৮। সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ) বিভাগের অধীনে Leakproof (izonil) work of e-PRV/GV/BV of Valve Chamber water transmission network of SWTP (Package-01) কাজের দরপত্র টি সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ) জন্য গঠিত দরপত্র মূল্যায়ন কমিটি (TEC-8) কর্তৃক মূল্যায়ন করা হয়েছে (ক্রমিক নং-১৪ দ্রঃ)। মূল্যায়ন প্রতিবেদনে আলোচ্য কাজে সর্বনিম্ন মূল্যায়িত দরদাতা হিসেবে M/S. Aslam Uddin এর ৮৪৭১৮৬৬.৩২৭ (চার একাত্তর হাজার আটশত ছেষট্টি দশমিক তিন দুই সাত) মাত্র টাকার (৫% নিম্নে) দরপত্রটি গ্রহণের জন্য সুপারিশ করা হয়েছে।

১.৯। এমতাবস্থায়, দরপত্র মূল্যায়ন কমিটি-৮ (TEC-8) এর সুপারিশ অনুমোদন করা যেতে পারে। উল্লেখ্য, আলোচ্য ক্রয় সংক্রান্ত চুক্তি অনুমোদনের বিষয়টি প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

[signature] ২৩/৫/২৪

সৈয়দ মোস্তাকিম হোসেন
নির্বাহী প্রকৌশলী
সাপাশো (রক্ষণাবেক্ষণ)
ও
সদস্য সচিব দরপত্র মূল্যায়ন কমিটি (TEC-8)
ঢাকা ওয়াসা।

[signature] C.E
২৩.5. 24

এ,কে,এম ফয়সাল মতিন
তত্ত্বাবধায় প্রকৌশলী, পিএন্ডডি সার্কেল
ঢাকা ওয়াসা
ও
চেয়ারম্যান দরপত্র মূল্যায়ন কমিটি (TEC-8)
ঢাকা ওয়াসা।

১.১০। অনুমোদিত।

[signature] ২৬/০৫/২৪

মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা

EE/SWTP(M)